



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date : ১ অক্টোবর ২০১৩

প্রেস বিজ্ঞপ্তি

মাটিরঙ্গায় বোরকা পার্টির সন্ত্রাসীদের গুলিতে এক ব্যক্তি আহত, ইউপিডিএফের নিন্দা

খাগড়াছড়ি মাটিরঙ্গা উপজেলার বটতলীর রিচাই চৌধুরী পড়ায় গতকাল ৩০ সেপ্টেম্বর ২০১৩ সোমবার রাতে বোরকা পার্টির সন্ত্রাসীদের গুলিতে কংজ প্র চৌধুরী (৩৫) নামে এক ব্যক্তি আহত হয়েছেন। তিনি রিচাই চৌধুরী পাড়ার মৃত কংজ প্র চৌধুরীর ছেলে। আহত অবস্থায় তাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা যায়, সোমবার রাত আনুমানিক সাড়ে ৮টার সময় কংজ প্র চৌধুরী নিজ বাড়িতে রাতের খাবার খাচ্ছিলেন। এ সময় চাইলাপ্র মারমার নেতৃত্বে ৪ জনের একদল বোরকা পার্টির সন্ত্রাসী তার বাড়িতে গিয়ে তাকে লক্ষ্য করে গুলি ছোঁড়ে। এতে সে আহত হয়। তার হাতে, কোমড়ে ও গলায় গুলিবিদ্ধ হয়েছে। তাকে গুলি করার পর সন্ত্রাসীরা বুদ্ধ পাড়ার দিকে পালিয়ে যায়। এ ঘটনার কিছুক্ষণ পর সেনাবাহিনী ঘটনাস্থলে গিয়ে আহত অবস্থায় কংজ প্র চৌধুরীকে উদ্ধার করে। বর্তমানে তিনি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক প্রদীপন খীসা এক বিবৃতিতে এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি কংজ প্র মারমার উপর সশস্ত্র হামলায় জড়িত চাইলাপ্র মারমা সহ চিহ্নিত সন্ত্রাসীদের খুঁজে বের করে গ্রেপ্তারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।